# মে ২০২২ মাসে অনুষ্ঠিত শৈলকুপা উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| | | | | |
|---|---|---|---|---|
| সভাপতি : | মোছাঃ শেফালী বেগম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ। | স্থান<br>তারিখ<br>সময় | :<br>:<br>: | উপজেলা পরিষদ মিলনায়তন।<br>১২/০৫/২০২২ খ্রিঃ।<br>বেলা- ১১.০০ টা। |

উপস্থিতি : সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- "ক"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে উপজেলা চেয়ারম্যান মোছাঃ শেফালী বেগম জানান, বর্তমানে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ নিয়ন্ত্রণে রয়েছে। তবে আমাদের সকলকে মাস্ক ব্যবহারসহ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে ও সাবধান থাকতে হবে। এছাড়াও সরকারের সকল নির্দেশনা মেনে চলতে হবে। অত:পর আনুষ্ঠানিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহ্বান জানালে তিনি সভা পরিচালনা করেন।

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : গত ১৮/০৪/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

বিভাগওয়ারি আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। তবে স্বাস্থ্য বিশেষজ্ঞদের পরামর্শ মোতাবেক সকলকে সদা সতর্ক থাকতে হবে এবং সরকারের সকল নির্দেশনাসহ স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। ঘরের বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে, সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে এবং বাইরে থেকে ঘরে প্রবেশের আগে অবশ্যই ভালো করে ফেনাযুক্ত সাবান দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড ধরে হাত ধৌত করতে হবে। তাছাড়া এপ্রিল ২০২২ মাসে বহি: বিভাগে ৭৭৪৯ জন ও জরুরি বিভাগে ২৯২০ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। সিজারিয়ান রোগীর সংখ্যা ১৯ জন এবং নরমাল ডেলিভারী করা হয়েছে ৫১ জন। সরকারি নিয়ম অনুযায়ী ১৭৫৯৩০/- টাকা আয় হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) করোনা ভাইরাস প্রতিরোধে সতর্ক থাকতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।<br>খ) এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার। |
| ০২ | উপজেলা প্রকৌশল বিভাগ:<br>উপজেলা প্রকৌশল (এলজিইডি) সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ নিবিড় তদারকি করা হচ্ছে। তিনি আরও জানান, পিইডিপি-৪ এর আওতায় প্রথম পর্যায়ে ১৪টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪টি বিদ্যালয়ের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে এবং বাকী ১০টি বিদ্যালয় নির্মাণ কাজ চলমান রয়েছে। চলতি অর্থবছরে ১১টি বিদ্যালয় নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। নতুন জাতীয়করণকৃত ২২টি প্যাকেজের ৩৪টি বিদ্যালয়ের মধ্যে ২৪টির কাজ শতভাগ শেষ হয়েছে এবং ১০টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ যথাযথ তদারকির মাধ্যমে নির্ধারিত সময় সীমার মধ্যে বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>খ) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা কৃষি বিভাগ সভায় জানান, খরিপ-১ মৌসুমে ২৫০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ০৫ কেজি হারে আউশ ধান বীজ, ২০ কেজি ডিএপি সার এবং ১০ কেজি হারে এমওপি সার বিতরণ করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা । |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর :</u><br>প্রতিনিধি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর আওতায় সাধারণ উন্নয়ন খাতে ১ম কিস্তিতে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প পাওয়া গেছে। যাচাই-বাছাই অন্তে প্রকল্পসমূহ অনুমোদনের জন্য জেলা কর্মধার কমিটিতে দ্রুত প্রেরণ করা প্রয়োজন। অত্র উপজেলায় ১১টি বীর নিবাস নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে এবং নতুন করে ১০৪টি বীর নিবাসের ঘর নির্মাণ কাজের জন্য টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। চলতি সনে ২য় পর্যায়ে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় গৃহীত প্রকল্পের কাজ আগামী ১৪/০৫/২০২২ তারিখ হতে শুরু হবে। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পে ১.৫০০ মিটার ১ম পর্যায় ও ১.৫০০ মিটার ২য় পর্যায়ের রাস্তার কাজ বাস্তবায়নের জন্য ঠিকাদার বরাবর কার্যাদেশ প্রদান করা হয়েছে। চলতি বছরে গ্রামীণ রাস্তায় কম-বেশি ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের কাজ বাস্তাবায়নের জন্য ঠিকাদার বরাবর কার্যাদেশ প্রদান করা রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) নিবিড় তদারকির মাধ্যমে বিধি মোতাবেক প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে।<br>খ) ৪০দিনের কর্মসূচী যথাসময়ে বাস্তবায়নের জন্য দ্রুত প্রকল্প দাখিল করতে হবে।<br>গ) নিবিড় তদারকির মাধ্যমে গৃহীত প্রকল্পসমূহের কাজ বাস্তবায়ন করতে হবে।<br>ঘ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা । |
| ০৫ | <u>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর:</u><br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান, বার্ড ফ্লুসহ সকল সংক্রামক রোগ ও “ল্যাম্পি স্কিন ডিজিস” নিয়ন্ত্রণে রয়েছে। তিনি আরও জানান, এপ্রিল ২০২২ মাসে ৩১৫৫ টি গবাদী পশু ও ১২৫০৭ টি হাস-মুরগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে এবং ২২২০টি গবাদী পশু, ১৮১০০টি হাঁস-মুরগী ও কবুতরের টিকা প্রদান করা হয়েছে। তাছাড়াও, পোষা প্রাণি চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে ০১ টি। পশু চিকিৎসা সেবাসহ রোগ প্রতিরোধ ব্যবস্থাপনা, কৃত্রিম প্রজনন ও অন্যান্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাজস্ব আয় হয়েছে ৫৫৩২০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা । |
| ০৬ | <u>উপজেলা মৎস্য দপ্তর :</u><br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ০৭ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, এপ্রিল ২০২২ মাসে স্থায়ী পদ্ধতি দেয়া হয়েছে ১১ জনকে, দীর্ঘ মেয়াদি পদ্ধতি দেয়া হয়েছে ১৪৩৭ জনকে এবং অস্থায়ী পদ্ধতির জন্য উপকরণ বিতরণ হয়েছে মোট ৩৪২৮৮ পিস। গর্ভবতী মায়ের যত্ন ৫২৪ জন, গর্ভোত্তর মায়ের যত্ন ২৬ জন, প্রসব সেবা ০৭ জন, শিশু পরিচর্যা ১২৩৬ জন এবং ৫৭৩৮ জন সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) পরিবার পরিকল্পনা সেবায় এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ০৮ | <u>উপজেলা সমাজসেবা দপ্তর:</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার বরাদ্দ অনুযায়ী নীতিমালার ভিত্তিতে বিতরণ করা হয়েছে। বর্তমানে সকল প্রতিস্থাপন ভাতাভোগীর এম আই এস ও নগদ হিসাব খোলা চলমান আছে। তিনি আরও জানান, ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে বয়স্ক ভাতা ২১৮৫৫ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা ১০৬৩৯ জন, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ৬৬৪৮ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ১৭৮ জন, হিজরা বয়স্ক ভাতা ০৫ জন, হিজড়া শিক্ষার্থী উপবৃত্তি ০৫ জন, দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের বয়স্ক ভাতা ৯০ জন এবং দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের শিক্ষা উপবৃত্তি ৫৩ জন ব্যক্তিদের মধ্যে নির্ধারিত হারে ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া প্রতিবন্ধী সনাক্তকরণ ও প্রতিবন্ধী পরিচয়পত্র বিতরণ এবং বিভিন্ন ভাতাভোগীদের তথ্যাদি লিপিবদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে সংখ্যালগু সম্প্রদায়ের উপবৃত্তি প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০২২ সম্পন্ন করা হয়েছে। সমন্বিত উপবৃত্তি কর্মসূচীর আওতায় ২০২২ সালের ভর্তিকৃত ৬ষ্ঠ ও একাদশ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১০ | উপজেলা শিক্ষা দপ্তর:<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, আগামী ২২ ও ২৩ মে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ এবং আগামী ১৬ হতে ১৯ মে পর্যন্ত ইউনিয়ন পর্যায়ে আন্তঃ প্রাথমিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২২ অনুষ্ঠিত হবে। তাছাড়াও আগামী ৪ জুন হতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট ২০২২ অনুষ্ঠিত হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল প্রতিযোগিতাসমূহ যথাযথভাবে সম্পন্ন করাসহ দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ১১ | খাদ্য বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় সভায় জানান, অত্র উপজেলায় খাদ্য মজুদ পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। তিনি আরও জানান, বর্তমান গমের বাজার ঊর্ধ্বগতি হওয়ায় কৃষকগণ গুদামে গম সরবরাহ করে নাই। চলতি বছরে প্রথম পর্যায়ের খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ডিলারদের মাধ্যমে ১০/- টাকা কেজি দরে ফেয়ার প্রাইসের চাল বিক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| ১২ | উপজেলা নির্বাচন অফিস:<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান, জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত সেবাসমূহ (নতুন ভোটার নিবন্ধন, ভোটার স্থানান্তর, জাতীয় পরিচয়পত্র হারানো, জাতীয় পরিচয়পত্র সংশোধন) সরাসরি ও অনলাইনে চালু রয়েছে। তিনি আরও জানান, স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ইউনিয়ন পর্যায়ে ২৩৮২ জন উপকার ভোগীর অনুকূলে এপ্রিল ২০২২ মাসের খাদ্য শস্য ছাড় করা হয়েছে। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে IMLMA (উন্নত মাতৃত্বকাল এবং ল্যাকটেটিং মাদার) সহায়তা কর্মসূচীর আওতায় কোন বরাদ্দ পাওয়া যায়নি। তাছাড়াও ২০১৯-২০ অর্থ বছরে ৪১০ জন ল্যাকটেটিং মাদার সহায়তা এবং দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের আওতায় ৭১০ জন ভাতাভোগীর ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরে IMLMA (উন্নত মাতৃত্বকাল এবং ল্যাকটেটিং মাদার) সহায়তা তহবিলের আওতায় ৫২৪ জন ল্যাকটেটিং মাদার সহায়তা এবং ৩৮৬৯ জনকে উন্নত মাতৃত্বকাল ভাতা প্রদান করা হয়েছে। তাছাড়া বাল্য বিবাহ ও আত্মহত্যা প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, এপ্রিল ২০২২ মাসে আদায়যোগ্য যুব ঋণের পরিমাণ ৩,৭৯,২০০/- এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৩,২১,৭০০/- টাকা। চলতি মাসে ঋণ খেলাপি থেকে আদায় ৯৫৮১/- টাকা এবং কিস্তি খেলাপি থেকে আদায় ২২,০০০/- টাকা। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৪৯,৩০,০০০/- টাকা। চলতি মাস পর্যন্ত যুব ঋণ বিতরণের পরিমাণ ৩৮,৪০,০০০/- টাকা। তাছাড়াও চলতি অর্থ বছরে এপ্রিল ২০২২ মাস পর্যন্ত ১২টি ব্যাচে ৩৬০ জন যুবককে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১৫ | উপজেলা সমবায় দপ্তর:<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান, মোট ৭৩টি সমিতির বিপরীতে সদস্য সংখ্যা ৪৮০০ জন। এপ্রিল ২০২২ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি। এ পর্যন্ত মোট ঋণ বিতরণের পরিমাণ ৬৫,০৯,০০০/- টাকা। চলতি মাসে ঋণ আদায়ের পরিমাণ ৬৮,৭২১/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায়ের পরিমাণ ৫৪,২৮,৪০৭/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ১৩,৯৯,৬৮৩/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | উপজেলা রিসোর্স সেন্টার:<br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান, এপ্রিল ২০২২ মাসে বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে ০৪টি এবং বিষয়ভিত্তিক প্রাথমিক বিজ্ঞান প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় ০২টি ব্যাচে ৬০ জনের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। এ ছাড়া, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১৭ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ):<br>আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো লিঃ) সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)। |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ:<br>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শৈলকুপা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান দপ্তর:<br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রাথমিক কার্যক্রম শুরু হয়েছে। আগামী ১৫ জুন হতে জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর মূল কার্যক্রম শুরু হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সরকারি নির্দেশনার আলোকে শুমারির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার। |
| ২০ | ক) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দপ্তর (বিআরডিবি):<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(BRDB) জানান, মোট সমিতির সংখ্যা ১১২টি। তার বিপরীতে সদস্য সংখ্যা ৩৭৬২ জন। এপ্রিল ২০২২ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ৫৫,৭৬,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ২৭,৬২,০০০/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৪,০০,৮২,০০০/- টাকা। তাছাড়া ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| | খ) পল্লী জীবিকায়ন কর্মসূচী (পজীক):<br>প্রকল্প কর্মকর্তা (পজীক) জানান, মোট সমিতির সংখ্যা ১১৭ টি তার বিপরীতে সদস্য সংখ্যা ৩৯২০ জন। এপ্রিল ২০২২ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি তবে আদায়কৃত ঋণের পরিমাণ ২,৪৩,০০০/- টাকা। এ পর্যন্ত মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৮৭,৯১,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | প্রকল্প কর্মকর্তা (পজীক) |
| ২১ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৬৪ টি সরকারি হস্তচালিত/সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৬৪ টি সরকারি হস্তচালিত/সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর ও অগভীর নলকূপ স্থাপনের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে ২৫০০টি টিউবওয়েলের পানি ফিল্ড কীট টেস্টের মাধ্যমে পরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২২টি নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় এ উপজেলায় মোট ১০টি আর্সেনিকযুক্ত নলকূপের পানি খাবার উপযোগী করার জন্য আর্সেনিক রিমুভাল ইউনিট স্থাপন কাজ চলমান রয়েছে। তাছাড়া জিপিএস, এনএনজিপিএস ও পিইডিপি-৪ প্রকল্পের আওতায় শৈলকুপা উপজেলায় প্রাথমিক বিদ্যালয়সমূহে মোট ২৮টি আরসিসি ওয়াস ব্লক নির্মান কাজ চলমান রয়েছে এবং নিরাপদ খাবার পানি সরবরাহের জন্য মোট ৩০টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ও ওয়াস বেসিন স্থাপন কাজ চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| ২২ | আমার বাড়ি আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক):<br>শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) সভায় জানান, এ উপজেলায় মোট সমিতির সংখ্যা ৩৮০টি। যার বিপরীতে সমিতির মোট সদস্য সংখ্যা ১৫৯৮৯ জন। এপ্রিল ২০২২ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ১,৯৮,৫৯,০০০/- টাকা এবং ঋণ আদায় ১,৯০,৬৪,০০০/- টাকা। তাছাড়া এ পর্যন্ত মোট খেলাপির পরিমাণ ১১,৩৮,১০,০০০/- টাকা। এ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ১০,৫৩,৪২,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আবাআখা প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক । |

| | | | |
|---|---|---|---|
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সভায় জানান, ২০২০-২০২১ অর্থ বছরে ৫ম পর্যায়ে অত্র উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার অনুমোদিত সক্ষমতা প্রকল্পগুলো বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। প্রকল্পগুলোর ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুত কার্যক্রম চলমান রয়েছে। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) অনুমোদিত সক্ষমতা প্রকল্প দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>খ) প্রকল্পগুলোর ডিজাইন ও প্রাক্কলন দ্রুত প্রস্তুতপূর্বক প্রকল্পসমূহ 'পিএমইউ'তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং ইউডিএফ । |
| ২৪ | পল্লী দারিদ্র্য বিমোচন দপ্তর:<br>উপজেলা পল্লি দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান, ৬৬ টি সমিতির বিপরীতে সদস্য সংখ্যা ২০৬০ জন। এপ্রিল ২০২২ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ৩৯,৫৫,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৩৬,৪৫,০০০/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৩২,৮০,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, শৈলকুপা। |
| ২৫ | উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র:<br>উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা সভায় জানান, এপ্রিল ২০২২ মাসে নতুন রেজিস্ট্রেশনকৃত প্রতিবন্ধী ও অপ্রতিবন্ধী সেবা গ্রহীতার সংখ্যা ৪২ এবং নতুন ও পুরাতন সেবা গ্রহীতাদের প্রদত্ত সেবার সংখ্যা ১৮০০। নতুন রেজিস্ট্রেশনকৃত প্রতিবন্ধীতা সনাক্তকরণ জরিপের কাজ চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| ২৬ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর :<br>উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠু ও সাভাবিকভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ২৭ | বন বিভাগ:<br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, বন বিভাগ। |
| ২৮ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন:<br>প্রতিনিধি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, শৈলকুপা সভায় জানান, এপ্রিল ২০২২ মাসে অগ্নিকান্ড সংঘটিত হয়েছে ১১ টি এবং ০৪টি সড়ক দুর্ঘটনায় আহত হয়েছে ০৯ জন। তাছাড়া এপ্রিল ২০২২ মাসে ০৫ টি মহড়া অনুষ্ঠিত হয়েছে ও ০৩ গণসংযোগ করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, শৈলকুপা। |
| ২৯ | ইসলামিক ফাউন্ডেশন:<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামি ফাউন্ডেশন সভায় জানান, করোনা ভাইরাস সংক্রমণের প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় সকল মসজিদে মুসল্লিদের অবশ্যই মাস্ক পরে আসতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। তিনি এ ব্যাপারে ইমামগণকে মসজিদে সচেতনতামূলক অলোচনার জন্য সভার মাধ্যমে অনুরোধ জানান। তিনি আরও জানান, অত্র উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান রয়েছে, এজন্য যাওয়া আসার পথে তদারকি করার জন্য সকলকে সভার মাধ্যমে অনুরোধ জানান। তাছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩০ | উপজেলা তথ্য আপা প্রকল্প:<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান, এপ্রিল ২০২২ মাসে অত্র উপজেলার বগুড়া ইউনিয়নের শিতালী গ্রামে, দিগনগর ইউনিয়নের বেনীপুর ও দহকোলা গ্রামে, ফুলহরি ইউনিয়নের ফুলহরি গ্রামে ও হাকিমপুর ইউনিয়নের দোহারো গ্রামে উঠান বৈঠকের মাধ্যমে ডোর টু ডোর সেবার মাধ্যমে মহিলাদের ডায়াবেটিস, প্রেসার ও ওজন উচ্চতা পরিমাপসহ ইন্টারনেট ভিত্তিক বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ৩১ | বিবিধ:<br>ক) <u>২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট প্রণয়ন :</u><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, প্রতি অর্থ বছরের ন্যায় ২০২২-২০২৩ অর্থ বছরের খসড়া বাজেট প্রস্তুত করা হয়েছে। বাজেটটি সভায় উপস্থাপন করা হয়। উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা ২০১০ মোতাবেক খসড়া বাজেট প্রস্তুত হওয়ায় বাজেটটি সভায় অনুমোদনের প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) উপস্থাপিত বাজেটটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাজেটের কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |
| | খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের কনফারেন্স রুমের ফ্যানগুলি নষ্ট/অকেজো হয়ে গেছে এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের বাথরুমসহ অন্যান্য বাথরুমের নতুন কমোড স্থাপনসহ মেরামত/সংস্কার ও বৈদ্যুতিক লাইন জরুরিভাবে মেরামত করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাতের অর্থে নতুন ফ্যান ক্রয়সহ যাবতীয় মেরামত/সংস্কার কাজ সত্বর সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |
| | গ) সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি সভায় জানান, যেসকল সেচ যন্ত্রের লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণ হয়েছে তাদেরকে জরুরীভাবে লাইসেন্স নবায়নপূর্বক বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। এই বিষয়ে ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শৈলকুপাকে সভার মাধ্যমে অনুরোধ করা যায়। এ ছাড়াও, অত্র উপজেলায় সেচ যন্ত্রের লাইসেন্স প্রাপ্তির জন্য ১৩টি আবেদনপত্র (পরিশিষ্ট-খ মোতাবেক) পাওয়া গেছে। প্রাপ্ত আবেদনপত্রগুলো সরেজমিনে যাচাই-বাছাই অন্তে যথাযথ পাওয়া গেছে। সেচযন্ত্রের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নীতিমালা মোতাবেক আবেদনপত্রগুলো উপজেলা পরিষদ সভায় অনুমোদনের বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) মেয়াদ উত্তীর্ণ সকল সেচ যন্ত্রের লাইসেন্স নবায়ন বিষয়ে ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি নিশ্চিত করবেন।<br>খ) সেচ যন্ত্রের লাইসেন্স প্রদানের নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই অন্তে আবেদনপত্রগুলো যথাযথ হওয়ায় আবেদনকারী ১৩ জনের নামে লাইসেন্স প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,<br>ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শৈলকুপা<br>ও<br>সদস্য সচিব উপজেলা সেচ কমিটি। |
| | ঘ) উপজেলা পরিষদের জরুরী প্রয়োজনে নিম্নবর্ণিত অর্থ ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>১) এপ্রিল ২০২২ মাসে উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস ও বাসভবন সংলগ্ন অফিসে ইন্টারনেট সংযোগ = ৩২০০/- টাকা।<br>২) উপজেলা চেয়ারম্যান কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এপ্রিল ২০২২ মাসে অনুষ্ঠিত বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় =৩০,০০০/-<br>৩) উপজেলা পরিষদ কার্যালয়ের এপ্রিল ২০২২ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা।<br>৪) উপজেলা পরিষদ জীপগাড়ির এপ্রিল ২০২২ মাসের জ্বালানি তেল খরচ বাবদ ব্যয় = ২৪৬০২/- টাকা।<br>৫) উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক মজুরি ভিত্তিতে নিযুক্ত মালী ও সুইপারের এপ্রিল/২০২২ মাসে যথাক্রমে (২৫+২৫)= ৫০ দিনের মজুরি বাবদ= ২৭৫০০/- টাকা।<br>৬) বাংলা ১৪২৯ সালের জন্য হাট-বাজার ইজারা কার্যক্রমের আনুষাঙ্গিক ব্যয় বিল পরিশোধ = ২৭৩৬৫/- টাকা।<br>৭) উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা ভাইস চেয়ারম্যান এর জানুয়ারি ২০২২ হতে এপ্রিল ২০২২ মাস পর্যন্ত সময়ের ভ্রমণ ব্যয় বিল যথাক্রমে ২৭৮১২/- ও ২৪৫০০/- টাকা।<br>৮) বাংলা ১৪২৯ সালের জন্য হাট-বাজার ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য দুটি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা বাবদ বিল পরিশোধ = ৬৯৪৬০/- টাকা।<br>৯) অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় ১৪ জন ব্যক্তির মাঝে অর্থিক সাহায্য প্রদান = ৯০,০০০/- টাকা। | বর্ণিত ব্যয়সমূহ সভায় অনুমোদন করা হয়। | |
| | ঙ) উপজেলা চেয়ারম্যান সভায় জানান, উপজেলা পরিষদের জীপগাড়ির প্রয়োজনীয় কাগজপত্রের মেয়াদকাল অতিক্রান্ত হয়েছে। বিধি মোতাবেক জীপ গাড়ির প্রয়োজনীয় কাগজপত্র নবায়ন করা প্রয়োজন। | ক) জীপ গাড়ির প্রয়োজনীয় কাগজপত্র নবায়নের জন্য জীপ চালককে বিআরটিএ, ঝিনাইদহের অফিসে যোগাযোগ মাধ্যমে ফিসের বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী পরিচালক, বিআরটিএ, ঝিনাইদহ<br>এবং<br>জীপ চালক, উপজেলা পরিষদ কার্যালয়, শৈলকুপা। |

| | | | |
|---|---|---|---|
| | চ) Autism এবং Neurodevelopment Disorder (NDD) এর বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২৭.০১.২০১৮ তারিখের ২৬২ নং স্মারকপত্রে, ১৪.০২.২০১৯ এবং ০৩.০৪.২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ক) সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন। | উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| | ছ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বিভিন্ন সামাজিক সমস্যা যেমন, বাল্যবিবাহ প্রতিরোধ, মাদক ব্যবসায়ী ও সেবনকারী, অবৈধ দখলদার, নদী হতে অবৈধভাবে বালি উত্তোলন এবং সরকারি সম্পত্তি জবর-দখলসহ বিভিন্ন সমস্যার সমাধানকল্পে জনসাধারণ কল সেন্টার ৩৩৩ এর মাধ্যমে প্রতিকার পেতে পারেন। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) ইউপি চেয়ারম্যানগণ বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা অব্যাহত রাখবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল)। |
| | জ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির নিয়মিত সভা সমাবেশ ও বাল্যবিয়ে রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) ইউপি চেয়ারম্যানগণ যৌতুক প্রদান ও বাল্য বিবাহ রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত সভা সমাবেশ অব্যাহত রাখবেন। | সকল ইউপি চেয়ারম্যান |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ/-
মোছাঃ শেফালী বেগম
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং : ০৫.৪৪.৪৪৮০.০০০.০৪.০০১.২০-৫৫৭(৮০)

তারিখ : ০৭/০৬/২০২২ খ্রিঃ / ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। জনাব মোঃ আব্দুল হাই, মাননীয় সংসদ সদস্য, ৮১ ঝিনাইদহ-১।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৬। উপসচিব (জেলা প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০৭। মেয়র, শৈলকুপা পৌরসভা, শৈলকুপা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা।

অনুলিপি কার্যার্থে :

০৯। চেয়ারম্যান,...............................(সকল) ইউ,পি, শৈলকুপা।
১০। উপজেলা..................................কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
১১। ......................................................................... ...।

কানিজ ফাতেমা লিজা
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

| | | | |
|---|---|---|---|
| | চ) ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান, গত আম্পানের সময় ইসলামিক ফাউন্ডেশনের অফিস ভবনের সিড়ি ঘরের টিনের ছাউনি উড়ে যায়। ফলে বৃষ্টি হলে অফিসের মধ্যে পানি চলে আসে। এতে অফিসের প্রয়োজনীয় কাগজপত্র ও অন্যান্য মালামাল পানিতে নষ্ট হয়ে যায়। এ বিষয়ে গত সেপ্টেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভায় সিড়ি ঘরের চালা মেরামতের সিদ্ধান্ত হলেও অদ্যাবধি মেরামত কাজটি সম্পন্ন হয়নি। বর্তমান অবস্থায় সিড়ি ঘরের চালা মেরামতসহ অফিস কক্ষ দুটি রং করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) ইসলামিক ফাউন্ডেশন অফিসের সিড়ি ঘরের চালা জরুরিভাবে মেরামতসহ অফিস কক্ষ দুটি রং করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |
| | ছ) Autism এবং Neurodevelopment Disorder (NDD) এর বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২৭.০১.২০১৮ তারিখের ২৬২ নং স্মারকপত্রে, ১৪.০২.২০১৯ এবং ০৩.০৪.২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ক) সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন। | উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| | জ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বিভিন্ন সামাজিক সমস্যা যেমন, বাল্যবিবাহ প্রতিরোধ, মাদক ব্যবসায়ী ও সেবনকারী, অবৈধ দখলদার, নদী হতে অবৈধভাবে বালি উত্তোলন এবং সরকারি সম্পত্তি জবর-দখলসহ বিভিন্ন সমস্যার সমাধানকল্পে জনসাধারণ কল সেন্টার ৩৩৩ এর মাধ্যমে প্রতিকার পেতে পারেন। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) ইউপি চেয়ারম্যানগণ বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা অব্যাহত রাখবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল)। |
| | ঝ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির নিয়মিত সভা সমাবেশ ও বাল্যবিয়ে রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) ইউপি চেয়ারম্যানগণ যৌতুক প্রদান ও বাল্য বিবাহ রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত সভা সমাবেশ অব্যাহত রাখবেন। | সকল ইউপি চেয়ারম্যান |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/
১২/০৫/২০২২ খ্রিঃ
মোছাঃ শেফালী বেগম
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং : ০৫.৪৪.৪৪৮০.০০০.০৪.০০১.২০-৫৫৭(৮০)

তারিখ : ০৭/০৬/২০২২ খ্রিঃ / ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। জনাব মোঃ আব্দুল হাই, মাননীয় সংসদ সদস্য, ৮১ ঝিনাইদহ-১।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৬। উপসচিব (জেলা প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০৭। মেয়র, শৈলকুপা পৌরসভা, শৈলকুপা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা।

অনুলিপি কার্যার্থে :

০৯। চেয়ারম্যান,..............................(সকল) ইউ,পি, শৈলকুপা।
১০। উপজেলা..................................কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
১১। ........................................................................ ...।

২৭/০৫/২২
কানিজ ফাতেমা লিজা
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষিই সমৃদ্ধি"

উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) এর কার্যালয়
ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।
www.badc.gov.bd

স্মারক নং- ১৪১

তারিখঃ ১১/০৫/2022

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।
ও
সভাপতি
উপজেলা সেচ কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।

কানিজ ফাতেমা লিজা
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।
২৫/০৫/২০২২

বিষয়ঃ সেচ যন্ত্রের লাইসেন্সের আবেদন তদন্ত পূর্বক তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শৈলকুপা উপজেলার সেচযন্ত্রের লাইসেন্সের আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক ১০ (দশ) টি লাইসেন্স ও ০৩ (তিন) টি লাইসেন্স নবায়নের জন্য সরেজমিনে তদন্ত করে সঠিক ও যথাপোযুক্ত হওয়ায় অনুমোদনের জন্য সমন্বয় সভায় উপস্থাপন করার জন্য নিম্নোক্ত ছক পূরণ করে করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার দপ্তরে প্রেরণ করা হলো।

সেচযন্ত্রের লাইসেন্সের আবেদনপত্রের তালিকাঃ

| ক্রঃ নং | আবেদনকারীর নাম ও পিতার নাম | মৌজার নাম | জেএল নং | খতিয়ান নং | দাগ নং | সেচযন্ত্রের ধরণ | রশিদ নং | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | মোঃ কোরবান আলী<br>পিতাঃ মৃত: মনোহর মন্ডল | শ্রীরামপুর | ১৫ | ৫২৭ | ৬৮ | অগভীর নলকূপ | ১০৫১ | ২০০.০০ | |
| ২ | মোঃ শরিফুল ইসলাম<br>পিতাঃ মৃত:গুল মামুদ মন্ডল | পশ্চিম মাদলা | ৮১ | ১৪৯ | ৩৫ | অগভীর নলকূপ | ১০৪০ | ২০০.০০ | |
| ৩ | মোছাঃ সোনালী খাতুন<br>পিতাঃ মৃত: নুর উদ্দীন খাঁ | সিদ্দি | ৩৩ | ২৮ | ২২১৫ | অগভীর নলকূপ | ১০৫৫ | ২০০.০০ | |
| ৪ | মোঃ আতিয়ার রহমান<br>পিতাঃ মৃত: মান্নাফ বিশ্বাস | মাধবপুর | ১১৮ | ৬৮৯ | ৩৭৮২ | অগভীর নলকূপ | ১০৪৩ | ২০০.০০ | |
| ৫ | মোঃ আবু নাসের জোয়ার্দ্দার<br>পিতাঃ মৃত: নজর আলী জোয়ার্দ্দার | ধরহরাচন্দ্র | ৯৪ | ২৫৮৬ | ১০১৬৯ | অগভীর নলকূপ | ১০৭০ | ২০০.০০ | |
| ৬ | মোঃ তোফাজ্জল হোসেন<br>পিতাঃ মৃত: সৈয়দ আলী শেখ | শেরপুর | ১৪ | ৭৯৯ | ৩১২ | অগভীর নলকূপ | ১০৭১ | ২০০.০০ | |
| ৭ | মোঃ রফিকুল হাসান<br>পিতাঃ মৃত: আব্দুর রউফ মিয়া | দিগনগর | ৪০ | ২৮৮ | ৮৪৬ | অগভীর নলকূপ | ১০৭২ | ২০০.০০ | |
| ৮ | তৌহিদুল হক<br>পিতাঃ ফজলুল হক | মির্জাপুর | ১৪ | ১৪১৬ | ৯৪৮২ | অগভীর নলকূপ | ১০৭৩ | ২০০.০০ | |
| ৯ | মোঃ কারুজ্জামান তাজেম<br>পিতাঃ মৃত: ফেলু বিশ্বাস | মির্জাপুর | ১৪ | ৪৮৯ | ১৯৩৬ | অগভীর নলকূপ | ১০৭৪ | ২০০.০০ | |
| ১০ | মোঃ শফি উদ্দিন মোল্লা<br>পিতাঃ তোয়াজ্জেল হোসেন | উমেদপুর | ৯৪ | ১৪২৯৬ | ১৯২৬৬ | অগভীর নলকূপ | ১০৭৬ | ২০০.০০ | |
| ১১ | এইড ফাউঃ এর পক্ষে তরিকুল ইসলাম পলাশ<br>পিতাঃ মোঃ খাইরুল আনাম | ফলিয়া | ১৪৯ | ৮৭ | ৪২৬০ | গভীর নলকূপ | ১০৫০ | ৫০০.০০ | নবায়ন |
| ১২ | এইড ফাউঃ এর পক্ষে তরিকুল ইসলাম পলাশ<br>পিতাঃ মোঃ খাইরুল আনাম | পিড়াগাতী | ১৫৭ | ২৩ | ১৫৭৫ | গভীর নলকূপ | ১০৪৯ | ৫০০.০০ | নবায়ন |
| ১৩ | এইড ফাউঃ এর পক্ষে তরিকুল ইসলাম পলাশ<br>পিতাঃ মোঃ খাইরুল আনাম | ফলিয়া | ১৪৯ | ৬৩০ | ৪১৬০ | গভীর নলকূপ | ১০৪৮ | ৫০০.০০ | নবায়ন |

১১/৫/২২
(এস,এম আব্দুল্লাহ আল মামুন)
উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)
বিএডিসি, ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।

মে ২০২২ মাসে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) (পরিশিষ্ট-ক) :

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিত(√) |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিদুন্নবী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | √ |
| ০২ | জনাব মোঃ সেকেন্দার আলী মোল্যা | চেয়ারম্যান, ১নং ত্রিবেনী ইউপি। | √ |
| ০৩ | জনাব মোঃ জিল্লুর রহমান | চেয়ারম্যান, ৩নং দিগনগর ইউপি। | √ |
| ০৪ | জনাব মোঃ মাহামুদুল হাসান | চেয়ারম্যান, ৬নং সারুটিয়া ইউপি। | √ |
| ০৫ | জনাব মোঃ কামরুজ্জামান (জিকু) | চেয়ারম্যান, ৭নং হাকিমপুর ইউপি। | √ |
| ০৬ | জনাব মোঃ মতিয়ার রহমান | চেয়ারম্যান, ৮নং ধলহরাচন্দ্র ইউপি। | √ |
| ০৭ | জনাব মোঃ জাহিদুল ইসলাম | চেয়ারম্যান, ৯নং মনোহরপুর ইউপি। | √ |
| ০৮ | জনাব মোঃ নায়েব | প্যানেল চেয়ারম্যান, ১০নং বগুড়া ইউপি। | √ |
| ০৯ | জনাব মোঃ হেলাল | চেয়ারম্যান, ১১নং আবাইপুর ইউপি। | √ |
| ১০ | জনাব মোঃ মফিজ উদ্দীন | চেয়ারম্যান, ১২নং নিত্যানন্দপুর ইউপি। | √ |
| ১১ | জনাব মোঃ সাব্দার হোসেন মোল্যা | চেয়ারম্যান, ১৩নং উমেদপুর ইউপি। | √ |
| ১২ | জনাব অনিল কুমার রায় | প্যানেল চেয়ারম্যান, ১৪নং দুধসর ইউপি। | √ |
| ১৩ | জনাব মোঃ আমিনুল ইসলাম | প্যানেল চেয়ারম্যান, ১৫নং ফুলহরি ইউপি। | √ |
| ১৪ | ডাঃ মোঃ রাশেদ আল মামুন | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ১৫ | জনাব প্রদ্যুৎ কুমার গুহ | প্রতিনিধি, উপজেলা কৃষি অফিস, শৈলকুপা। | √ |
| ১৬ | ডাঃ মোঃ মামুন খান | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শৈলকুপা। | √ |
| ১৭ | জনাব মোঃ মিজানুর রহমান | উপজেলা প্রকৌশলী, শৈলকুপা। | √ |
| ১৮ | জনাব মলয় রঞ্জন বিশ্বাস | প্রতিনিধি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, শৈলকুপা। | √ |
| ১৯ | জনাব মোছাঃ নার্গিস শাহীন | প্রতিনিধি,উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, শৈলকুপা। | √ |
| ২০ | জনাব মোঃ আশরাফুল আলম | সহঃ উপজেলা সমাজসেবা অফিসার, শৈলকুপা। | √ |
| ২১ | জনাব মোঃ কামরুল হাসান | পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, শৈলকুপা। | √ |
| ২২ | জনাব মোঃ ওবায়দুর রহমান | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীক), শৈলকুপা। | √ |
| ২৩ | জনাব মোঃ জোয়াদুর রসুল | সহঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ২৪ | জনাব রেশমা খানম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা । | √ |
| ২৫ | জনাব জুয়েল আহম্মেদ | উপজেলা নির্বাচন অফিসার, শৈলকুপা। | √ |
| ২৬ | জনাব মোঃ শামীম আহম্মেদ খান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা। | √ |
| ২৭ | জনাব মোঃ রাকিবুল ইসলাম | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শৈলকুপা। | √ |
| ২৮ | জনাব মোঃ শামীম শরীফ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), শৈলকুপা। | √ |
| ২৯ | জনাব মোঃ ইসরাইল হোসেন | উপজেলা শিক্ষা অফিসার, শৈলকুপা। | √ |
| ৩০ | জনাব মোঃ মিজানুর রহমান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শৈলকুপা। | √ |
| ৩১ | জনাব মোঃ আসিফ আলম | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), শৈলকুপা। | √ |
| ৩২ | জনাব মোঃ মুজিবুর রহমান | উপজেলা সমবায় অফিসার, শৈলকুপা। | √ |
| ৩৩ | জনাব মোঃ হাফিজ আল আসাদ | উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ৩৪ | জনাব অপূর্ব লাল ভট্টাচার্য্য | ইন্সট্রাক্টর, ইউআরসি, শৈলকুপা। | √ |
| ৩৫ | জনাব মোঃ হারুন অর রশিদ | প্রতিনিধি, ফায়ার সার্ভিস, শৈলকুপা। | √ |
| ৩৬ | জনাব মোঃ মিজানুর রহমান | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শৈলকুপা। | √ |
| ৩৭ | এস এম কামরুল হাচান | ইসলামী ফাউন্ডেশন, শৈলকুপা। | √ |
| ৩৮ | জনাব মোঃ মনজুর হোসেন | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শৈলকুপা। | √ |
| ৩৯ | জনাব মোঃ হাবিবুর রহমান | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শৈলকুপা। | √ |
| ৪০ | জনাব কামরুন নাহার | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, শৈলকুপা। | √ |
| ৪১ | জনাব মুহাম্মদ ওয়ালিউর রহমান | উপজেলা পরিসংখ্যান অফিসার, শৈলকুপা। | √ |
| ৪২ | এসএম আব্দুল্লাহ আল মামুন | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, ঝিনাইদহ ইউনিট। | √ |
| ৪৩ | জনাব উত্তম কুমার সাহা | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, শৈলকুপা। | √ |
| ৪৪ | জনাব ইন্দিনা কাদির | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, শৈলকুপা। | √ |

অনুপস্থিত

| | | | |
|---|---|---|---|
| ০১ | মোছাঃ নিলুফা ইয়াছমিন | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | × |
| ০২ | জনাব মোঃ ফিরোজ আহমেদ | চেয়ারম্যান, ২নং মির্জাপুর ইউপি। | × |
| ০৩ | জনাব মোঃ সালাহ উদ্দীন জোয়ার্দ্দার | চেয়ারম্যান, ৫নং কাঁচেরকোল ইউপি। | × |
| ০৪ | জনাব মিঠুন বিশ্বাস | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, শৈলকুপা। | × |
| ০৫ | জনাব মোখলেসুর রহমান | ফরেস্টার, শৈলকুপা বনায়ন কেন্দ্র। | × |
| ০৬ | রোকাইয়া তানজিলা | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শৈলকুপা। | × |
| ০৭ | জনাব মোঃ তৌফিকুজ্জামান | উপসহকারী প্রকৌশলী, পাউবো, শৈলকুপা। | × |